# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ডিফুতে পূর্বের ছ'টি সশস্ত্র সংগঠনের সদস্যদের সঙ্গে বৈঠক/

(২) ওয়াক্‌ফ সংশোধনী আইনের রূপায়ণ সম্পর্কে সুপ্রীম কোর্টের অর্ন্তবর্তী আদেশ জারি/ কেন্দ্রীয় সরকার, ওয়াক্‌ফ বোর্ড এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারগুলিকে বিজ্ঞপ্তি জারি/

(৩) আগামী দোসরা এবং সাতই মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জেলা পরিষদ আসনের জন্য ৭৬১টি মনোনয়ন পত্র গ্রহণ/

এবং

(৪) রাজ্যের মাধ্যমিক পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্য আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের কম্পার্টমেন্টাল পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত/

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ ডিফুতে প্রথম কার্বি রাজা এবংরাণী রেংবংহোম'এর প্রতিমূর্তির আনুষ্ঠানিক আবরণ উন্মোচন করেন । দুদিনের সফরে কার্বি-আং-লংএ যাওয়া ডঃ শর্মা আজ ডিফুতে আসামের স্থানীয় কার্বি সংঘটনগুলির সঙ্গে আলোচনায় মিলিত হন । এই বৈঠকে এই অঞ্চলের সামগ্রিক উন্নয়ন এবং স্থায়ী শান্তির ক্ষেত্রে রাজ্য সরকারের প্রতিশ্রুতির কথা তিনি পুনরায় নিশ্চিত করেন । ডঃ শর্মা সশস্ত্র সংগঠন পি ডি সি কে, কে এল এন এল এফ বেশকয়েকটি প্রাক্তন সংগঠনের সদস্যদের সঙ্গেও বৈঠকে মিলিত হন।

বাইট

---

সুপ্রীম কোর্ট ওয়াকফ সংশোধনী আইন সম্পর্কে আজ এক অন্তবর্তী আদেশে ওয়াকফ বোর্ডের কেন্দ্রীয় কমিটিতে কোন নিযুক্তি প্রদান করতে বারণ করেছে এবং কেন্দ্রীয় সরকার , ওয়াকফ বোর্ড এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারগুলোকে সাতদিনের মধ্যে জবাব দেওয়ার নির্দেশ দিয়েছে ।মুখ্য বিচারপতি সঞ্জীব খান্না , বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি কে ভি বিশ্বনাথ কে নিয়ে গঠিত বিচারপীঠ মামলাটির শুনানি গ্রহণ করে সরকারের জবাব দেওয়ার পাঁচদিনের মধ্যে আবেদনকারীকেও জবাব দিতে হবে বলে নির্দেশে উল্লেখ করেছে ।এই মামলার পরবর্তী শুনানি আগামী ৫ মে অনুষ্ঠিত হবে ।এই শুনানি সম্পর্কে আবেদনকারী পক্ষের আইনজীবি বলেন ----

বাইট

এর পূর্বে সর্বোচ্চ আদালত গতকাল অনুষ্ঠিত শুনানিতে কেন্দ্রীয় সরকারের হয়ে সলিসিটর জেনেরেল তুষার মেহতার ওয়াকফ সংশোধনী আইনের সপক্ষে তুলে ধরা যুক্তি শুনে , সলিসিটর জেনেরেল এই ক্ষেত্রে সুপ্রিম কোর্টের কোন অন্তবর্তীকালীন আদেশ জারি করার বিরোধিতা করেন এবং এর পর আদালত কেন্দ্রীয় সরকারকে দুসপ্তাহের মধ্যে শপতনামা দাখিল করার নির্দেশ দেয় ।শুনানির সময় সুপ্রিম কোর্ট দেশের বিভিন্ন অংশে ওয়াকফ আইন নিয়ে সৃষ্টি হওয়া হিংসাত্মক প্রতিবাদ সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে এবং শীঘ্র এই পরিস্থিতি নিয়ন্ত্রণ করার ব্যবস্থা গ্রহণ করতে সরকারকে নির্দেশ দেয় ।

---

আগামী দোসরা এবং সাতই মে রাজ্যে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করা প্রার্থীদের তালিকা আজ ঘোষণা করা হচ্ছে । ইতিমধ্যে মনোনয়ন পত্র প্রতাহারের জন্য আজ বিকেল তিনটা পর্যন্ত ধার্য করা অন্তিম সময় পেরিয়ে যাওয়ার পর জেলাগুলিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা ঘোষণার প্রস্তুতি সম্পূর্ণ করা হচ্ছে । এইক্ষেত্রে নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুসারে জেলা পরিষদ এবং আঞ্চলিক পঞ্চায়েতের আসনের জন্য সাত হাজার ১৭৪ টি আবেদন দাখিল করা হয়েছিল । এর মধ্যে ছ’হাজার ৭৬১টি আবেদন গ্রহণ করা হয়েছে । গ্রহণ করা আবেদন সমূহের মধ্যে ১৮৯টি আবেদন নাকচ হয়ে যায় । এবং ২৩৪টি আবেদন প্রত্যাহার করা হয় । এপর্যন্ত কমিশন জেলা পরিষদ ও আঞ্চলিক পঞ্চায়েতের আসনে দুহাজার ৬৫১জন প্রার্থী

প্রতিদ্বন্দিতা করবেন বলে জানা গেছে । তবে পরবর্তী সময়ে যাবতীয় গণনার পর এই সংখ্যা কম-বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে । অনুরূপভাবে ওয়ার্ডগুলিতে প্রতিদ্বন্দিতা করা প্রার্থীদের পরিসংখ্যান এখন পর্যন্ত পাওয়া যায়নি । উল্লেখ্য- জেলা পরিষদের ৩৯৭টি এবং আঞ্চলিক পঞ্চায়েতের দুহাজার ১৯২টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে । ওয়ার্ড সদস্যের ২১ হাজার ৯২০টি আসনের জন্য পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে ।

নির্বাচন কমিশন নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘন সহ পঞ্চায়েত নির্বাচন সম্পর্কিত যাবতীয় অভিযোগের জন্য প্রতিটি জেলায় একটি টোলফ্রি নম্বর চালু করেছে । জনসাধারণকে নিজ নিজ জেলার টোলফ্রি নম্বরে ফোন করে নিজেদের ওজর আপত্তি দাখিল করতে বলা হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায় আজ মনোনয়ন পত্র প্রত্যাহারের অন্তিম দিন পার হওয়ার পর পঞ্চায়েত নির্বাচনের প্রার্থীদের চূড়ান্ত তালিকা পাওয়া সম্ভব হবে । হাইলাকান্দি জেলায় আজ নারাইণপুর-বন্দুকমারা জেলা পরিষদ আসনে একজন নির্দল প্রার্থী আলসিন সুলতানা মাঝারভুইয়া তার মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন । এই জেলায় আজ মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনেও জেলা পরিষদ আসনে আর কোনো প্রার্থী তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করেননি । এছাড়া অপর দুটি বিভাগ- আঞ্চলিক পঞ্চায়েত সদস্য এবং গ্রাম পঞ্চায়েত সদস্য আসনের মনোনয়ন পত্র প্রত্যাহারের চূড়ান্ত খবর এখনো জানা যায়নি । এদিকে কাছাড় ও শ্রীভূমি জেলার পঞ্চায়েত নির্বাচনের প্রার্থী তালিকার চূড়ান্ত রূপরেখা এপর্যন্ত পাওয়া যায়নি ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আয়োজিত এবছরের মাধ্যমিক পরীক্ষার সদ্যঘোষিত ফলাফলে উত্তীর্ণ না হওয়া ছাত্রছাত্রীদের জন্য পর্ষদ কম্পার্টমেন্টাল পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে । তবে যেসব পরীক্ষার্থী এই পরীক্ষায় ন্যুনতম তিনটি বিষয়ে ফেল করেছে এবং সর্বমোট অন্ততঃ ১৭০ নম্বর পেয়েছে, তারাই এই পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে । এই সম্পর্কে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের এক নম্বর ডিভিশনের সচিবের জারি করা নির্দেশনা অনুসারে কম্পার্টমেন্টাল পরীক্ষায় উত্তীর্ণ হতে হলে কমপক্ষে ৩০ শতাংশ নম্বর সহ সর্বমোট ১৮০ নম্বর পাওয়া বাধ্যতামূলক করা হয়েছে । কম্পার্টমেন্টাল পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্রছাত্রী চলতি শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক স্তরে অর্থাৎ একাদশ শ্রেণীতে ভর্তি হতে পারবে । এই নির্দেশে আরো বলা হয়েছে যে- পরীক্ষার সময়সূচী পরবর্তী পর্যায়ে ঘোষণা করা হবে । প্রতিটি বিষয়ের জন্য পরীক্ষার্থীদের পাঁচশো টাকা করে ব্যাংক চালান স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার মাধ্যমে জমা

দিতে হবে । এছাড়া ১৫০ টাকা করে সেন্টার ফিজ পরিশোধ করতে হবে । উল্লেখ্য- এই পরীক্ষা শুধুমাত্র থিয়োরি পেপারের জন্যেই অনুষ্ঠিত হবে । পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য পরীক্ষা কেন্দ্রের তালিকা পোর্টালে পাওয়া যাবে বলে পর্ষদের নির্দেশনায় জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ জানিয়েছে যে- উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের ভর্তির জন্য আজ থেকে আগামী ২৪শে এপ্রিল পর্যন্ত 'দর্পণ' ভর্তি পোর্টাল খোলা থাকবে । পর্ষদের দু'নম্বর ডিভিশনের সচিবের জারি করা নির্দেশ অনুসারে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চমাধ্যমিক প্রথম বর্ষে ভর্তির জন্য ছাত্রছাত্রীরা www.darpan.ahseconline.in অথবা www.ahsec.assam.gov.in এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে । অনলাইনে আবেদন দাখিলের পর আগামী ২৫ থেকে ২৬শে এপ্রিলের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলি ছাত্রছাত্রীদের মেরিট লিস্ট এবং ওয়েটিং লিস্ট প্রস্তুত করে ২৭শে এপ্রিল তা প্রকাশ করবে । এরপর ছাত্রছাত্রীদের ২৭ থেকে ২৯শে এপ্রিলের মধ্যে নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে । শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে আগামী ৩০শে এপ্রিল থেকে দশই মে'র মধ্যে 'দর্পণ' পোর্টালে ছাত্রছাত্রীদের ভর্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। অবশ্য নির্ধারিত সময়সীমার মধ্যে নামভর্তি করতে না পারা শিক্ষার্থীদের জন্য দশই মে'র আগে পুনরায় পাঁচদিনের জন্য 'দর্পণ' পোর্টাল খোলা হবে বলেও এই নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করতে আগামী ১৯ ও ২০ এপ্রিল ভোট কর্মীদের প্রথম পর্য্যায়ের প্রশিক্ষন সম্পন্ন হবে । জেলার পঞ্চায়েত নির্বাচনের পার্সনেল সেল থেকে জানানো হয়েছে যে রবীন্দ্র সদন মহিলা কলেজ , সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ,এম এম এম সি গালর্স উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের চারটি কক্ষে প্রশিক্ষন পর্ব সম্পন্ন হবে । পাশাপাশি নিলামবাজার কলেজ , জাফরগড় এক্সটেনডেড হায়ার সেকেন্ডারী স্কুল ,পাথারকান্দি মডেল হায়ার সেকেন্ডারী স্কুল , প্রেমময়ী সিনিয়র বেসিক স্কুল ,নারায়ন নাথ হায়ার সেকেন্ডারী স্কুল এবং রামকৃষ্ণ নগর কলেজে এই প্রশিক্ষন পর্ব অনুষ্ঠিত হবে । ভোট কর্মীদের যথাসময়ে প্রশিক্ষন কেন্দ্রে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে ।

এদিকে শ্রীভূমি জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় আগামী দোসরা মে পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে এন আই এক্ট-এর অধীনে সরকারী ছুটি ঘোষনা করা হয়েছে । ওই দিন জেলার সব সরকারী ও বেসরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠান , ব্যাঙ্ক , ব্যবসায়ী প্রতিষ্ঠান , চা বাগান বন্ধ থাকবে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করতে আগামী ১৯ ও ২০ এপ্রিল ভোট কর্মীদের প্রথম পর্য্যায়ের প্রশিক্ষন সম্পন্ন হবে । জেলার পঞ্চায়েত নির্বাচনের পার্সনেল সেল থেকে জানানো হয়েছে যে রবীন্দ্র সদন মহিলা কলেজ , সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ,এম এম এম সি গালর্স উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং পাবলিক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের চারটি কক্ষে প্রশিক্ষন পর্ব সম্পন্ন হবে । পাশাপাশি নিলামবাজার কলেজ , জাফরগড় এক্সটেনডেড হায়ার সেকেন্ডারী স্কুল ,পাথারকান্দি মডেল হায়ার সেকেন্ডারী স্কুল , প্রেমময়ী সিনিয়র বেসিক স্কুল ,নারায়ন নাথ হায়ার সেকেন্ডারী স্কুল এবং রামকৃষ্ণ নগর কলেজে এই প্রশিক্ষন পর্ব অনুষ্ঠিত হবে । ভোট কর্মীদের যথাসময়ে প্রশিক্ষন কেন্দ্রে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে ।

এদিকে শ্রীভূমি জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় আগামী দোসরা মে পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে এন আই এক্ট-এর অধীনে সরকারী ছুটি ঘোষনা করা হয়েছে । ওই দিন জেলার সব সরকারী ও বেসরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠান , ব্যাঙ্ক , ব্যবসায়ী প্রতিষ্ঠান , চা বাগান বন্ধ থাকবে ।

---

সারা ভারত দাবা ফেডারেশনের উদ্যোগে এবং সারা আসাম দাবা সংস্থা ও কাছাড় জেলা দাবা সংস্থার ব্যবস্থাপনায় আগামীকাল থেকে শিলচর কাছাড় ক্লাবে দাবার বিশেষ প্রশিক্ষন শিবির শুরু হচ্ছে । গ্র্যান্ড মাস্টার সপ্তর্ষি রায় প্রশিক্ষন প্রদান করবেন । প্রশিক্ষন সকাল ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা এবং দুপুর আড়াইটে থেকে সাড়ে পাঁচটা পর্য্যন্ত চলবে এবং তিন জেলার প্রায় ৫০ জন দাবাড়ু এই কর্মশালায় অংশগ্রহন করবেন । প্রশিক্ষন শিবিরে সমন্বয়কের ভূমিকায় থাকবেন রাজ্য দাবা সংস্থার সহ-সভাপতি তথা দাবার আর্ন্তজাতিক আরবিটার অধ্যাপক চার্বাক এবং ফিডে প্রশিক্ষক রাজদীপ দাস ।

---